Cambridge Assessment International Education

# Cambridge O Level

CANDIDATE NAME

CENTRE NUMBER

CANDIDATE NUMBER

*7393191292*

**BENGALI** **3204/02**

Paper 2 Language Usage and Comprehension **May/June 2024**

**1 hour 30 minutes**

You must answer on the question paper.

You will need: Insert (enclosed)

**INSTRUCTIONS**

- Answer **all** questions in **Bengali**.
- Use a black or dark blue pen.
- Write your name, centre number and candidate number in the boxes at the top of the page.
- Write your answer to each question in the space provided.
- Do **not** use an erasable pen or correction fluid.
- Do **not** write on any bar codes.
- Dictionaries are **not** allowed.

**INFORMATION**

- The total mark for this paper is 110.
- The number of marks for each question or part question is shown in brackets [ ].
- The insert contains the reading passages.

This document has **12** pages. Any blank pages are indicated.

KI/NL 326577/2
© UCLES 2024



https://xtremepape.rs/

## Section A
## বিভাগ : ক

**Separation of Words**

সন্ধিবিচ্ছেদ

নিচে দেওয়া শব্দগুলোর সন্ধিবিচ্ছেদ করো।

**1** অঙ্কন

.............................................................................................................................................. [2]

**2** উদ্ধত

.............................................................................................................................................. [2]

**3** নায়ক

.............................................................................................................................................. [2]

**4** প্রত্যাশা

.............................................................................................................................................. [2]

**5** সদ্ভাব

.............................................................................................................................................. [2]

© UCLES 2024


https://xtremepape.rs/

**Idioms, Proverbs and Words in Pairs**
বাগধারা, প্রবচন এবং জোড়াশব্দ

নিচে দেওয়া বাগধারা / প্রবচন / জোড়াশব্দের তালিকা থেকে সঠিক উত্তরটি বেছে কেবল তার **নম্বরটি** বসিয়ে প্রতিটি বাক্যের শূন্যস্থান পূরণ করো।

| | |
|---|---|
| **(1)** খয়ের খাঁ | **(6)** সাপও মরে লাঠিও না ভাঙে |
| **(2)** গাছে কাঁঠাল গোঁফে তেল | **(7)** সাক্ষী গোপাল |
| **(3)** টনক নড়া | **(8)** চাচা আপন পরাণ বাঁচা |
| **(4)** ছিচ কাঁদুনে | **(9)** পথে বসা |
| **(5)** দোমুখো সাপ | **(10)** আনাগোনা |

**6** এমন ভেবেচিন্তে কাজ করবে যাতে ............... । [2]

**7** বন্ধুর কথায় ব্যবসায় নেমে দেনার দায়ে ............... ছাড়া অতুলের কোনো উপায় ছিলো না। [2]

**8** তুমি তো বড়ো সাহেবের ............... ; তোমার পদোন্নতি ঠেকায় কে? [2]

**9** রাজীবের হাসিমুখ দেখে একেবারে গলে যেও না। ও একটা ............... । [2]

**10** লটারির টিকিট কিনেই বাড়ি-গাড়ি কেনার স্বপ্ন দেখছো। এ যে ............... আর কি! [2]

© UCLES 2024


https://xtremepape.rs/

**Sentence Transformation**
বাক্য রূপান্তর

নিচের প্রত্যেকটি অসম্পূর্ণ বাক্যকে এমনভাবে লেখো যেন উপরের বাক্যটির অর্থ বদলে না যায়।

**11** সবাই অনেক টাকা উপার্জন করতে চায়।

অনেক ............................................................................................................ ! [2]

**12** এমন অন্যায় কাজ করা আমার পক্ষে অসম্ভব।

এমন ........................................................................................................ না । [2]

**13** বাংলা গান ছাড়া অন্য কোনো গান আমার পছন্দ নয়।

শুধু ......................................................................................................... । [2]

**14** মনোযোগ দিয়ে লেখাপড়া করলে পরীক্ষায় অবশ্যই কৃতকার্য হবে।

যদি ......................................................................................................... । [2]

**15** প্রধান শিক্ষক আজ স্কুলের পরে সবাইকে মাঠে জড়ো হতে আদেশ দিলেন।

প্রধান শিক্ষক আদেশ দিলেন, “ ............................................................................................................ ”।[2]

© UCLES 2024


https://xtremepape.rs/

## Cloze Passage

শূন্যস্থান পূরণ

নিচে দেওয়া শব্দের তালিকা থেকে উপযুক্ত **শব্দটি** বেছে নিয়ে অনুচ্ছেদের প্রত্যেকটি শূন্যস্থান পূরণ করো।

আড্ডা শব্দটির উৎপত্তি নিয়ে অনেক বিতর্ক আছে। কিন্তু উৎস যা-ই হোক, অবসর সময়ে আড্ডা দেওয়া আধুনিক বাঙালির সবচেয়ে বড়ো **(16)** ____________ । এটা বাঙালি চরিত্রের **(17)** ____________ বৈশিষ্ট্য। আগের দিনে আড্ডা শব্দটি দিয়ে বোঝানো হতো ‘বাসস্থান’। কিন্তু বর্তমানে শব্দটি দিয়ে বোঝানো হয় একত্রে বসে বন্ধুদের সঙ্গে গল্পগুজব করা। বস্তুত, ঊনিশ **(18)** ____________ মাঝামাঝি সময় থেকে শহুরে শিক্ষিত মধ্যবিত্ত শ্রেণীর উদ্ভব হয়। আড্ডা তাঁদের অবসর যাপনের এবং আলাপ-আলোচনার একটা প্রধান কেন্দ্রে **(19)** ____________ হয়। চাকরী উপলক্ষে এসব লোকজন পরিবার ও আত্মীয়দের থেকে দূরে কোনো এক শহরে বাস করতেন। সেখানে তাঁদের পরিচয় হতো **(20)** ____________ এবং প্রতিবেশীদের সঙ্গে। সন্ধ্যেবেলায় গল্পগুজব করে সময় কাটানোর জন্য পরিচিত এসব লোকজনের সঙ্গে মিলিত হওয়া তখন একটা রীতিতে দাঁড়িয়ে যায় এবং এটাই **(21)** ____________ আড্ডা নামে পরিচিত হয়। কিন্তু এর পরবর্তীকালে বন্ধুত্বের সম্পর্ক গড়ে ওঠার অনেক উল্লেখযোগ্য **(22)** ____________ দেখতে পাওয়া যায়। বন্ধুরা সম্পর্কিত হতেন সুখদুঃখের **(23)** ____________ এবং আত্মার আত্মীয় হিসেবে। আড্ডায় বসে সেই বন্ধুদের সঙ্গে ঘনিষ্ঠ মেলামেশা এবং ভাব **(24)** ____________ করতেন তাঁরা। সেই আড্ডায় খেজুরে আলাপ থেকে শুরু করে হাস্যরস এমনকি প্রতিবেশীর পিণ্ডি চটকানো পর্যন্ত যাবতীয় প্রসঙ্গ থাকতো যার প্রশংসায় বিশিষ্ট লেখক বুদ্ধদেব বসুও **(25)** ____________ হয়েছেন। তাঁর মতে, বাংলাদেশের আবহাওয়া ও ঢিলেঢালা জীবনযাত্রার কারণে আড্ডা এদেশে যতোটা শিকড় গেড়েছে, ভারতবর্ষের অন্যত্র তা হয়নি।

| | | |
|---|---|---|
| সহকর্মী | কালক্রমে | প্রধান |
| ভাগীদার | উৎপত্তি | বিনিময় |
| শতাব্দীর | আনন্দ | পরিণত |
| গল্পগুজব | রীতি | শিকড় |
| পঞ্চমুখ | দৃষ্টান্ত | অন্যত্র |

[20]



https://xtremepape.rs/

## Section B
## বিভাগ : খ

### Multiple Choice Comprehension

বোধজ্ঞানের বহুবিকল্প প্রশ্ন

প্রশ্নপত্রের সঙ্গে দেওয়া **1** নম্বর নিবন্ধটি পড়ে **26** থেকে **32** প্রশ্নগুলোর উত্তর দাও । প্রত্যেক প্রশ্নের সঠিক উত্তরটি বেছে উপযুক্ত বাক্সে ✓ দাও।

**26** তথ্য-প্রযুক্তি ছাড়া যে আমাদের জীবন অচল সেটা কীভাবে বোঝা যায়?

**A** লোকজনকে ব্যাংক ও দোকানপাটে লাইন দিতে হয় না

**B** লোকজনকে অফিসের কাজে প্রচুর কাগজ ব্যবহার করতে হয় না

**C** আজকাল লোকজন বেশিরভাগ সময় তথ্য-প্রযুক্তি ব্যবহার করতে বাধ্য হয়

**D** লোকজনের সময় কাটছে বিভিন্ন যানবাহন ব্যবহার করে [2]

**27** বড়ো প্রতিষ্ঠানগুলো গবেষণার কোন দিকে বেশি গুরুত্ব দিচ্ছে?

**A** স্বয়ংক্রিয় বা চালকবিহীন গাড়ি তৈরির কাজে

**B** কম্পিউটারের গতি ও মেমোরির ধারণশক্তি বৃদ্ধিতে

**C** কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহারে

**D** লোকজনের কেনাকাটা ও বিনোদনে প্রযুক্তির ব্যবহার বাড়াতে [2]

**28** বর্তমানে লোকজন বেশি স্বাচ্ছন্দ্যবোধ করে ____________ ।

**A** কম্পিউটারের ক্লাউড ড্রাইভে ফাইলপত্র রেখে

**B** অনলাইনে আর্থিক লেনদেন করে

**C** ভিডিও গেইম তৈরী ও অ্যানিমেশনের কাজ করে

**D** নতুন ও উদ্ভাবনী গবেষণায় উৎসাহ দেখিয়ে [2]

© UCLES 2024

https://xtremepape.rs/

**29** তথ্য-প্রযুক্তির কোন বিষয়ে আমাদের এখনই সচেতন থাকা গুরুত্বপূর্ণ?

- **A** ভাইরাসের আক্রমণ থেকে কম্পিউটারকে রক্ষা করা
- **B** সাইবার হয়রানি বন্ধের আইনের কার্যকারিতা
- **C** সামাজিক মাধ্যমে তথ্যের নিরাপত্তা
- **D** কম্পিউটারে রাখা তথ্যগুলো সংরক্ষণ করা

[2]

**30** দৈনন্দিন জীবনে রোবটের কোন ভূমিকাটি সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ?

- **A** মানুষের কঠিন ও অসাধ্য কাজগুলোকে সহজ করছে
- **B** কল-কারখানা ও বাড়িঘরের কাজকর্মে এর ব্যবহার হচ্ছে
- **C** উদ্ধার কাজে সামাজিক রোবট এখন অনেক জনপ্রিয়
- **D** জীবন রক্ষায় রোগ নির্ণয় ও চিকিৎসা ক্ষেত্রে

[2]

**31** লোকজনের এখনো সম্পূর্ণভাবে প্রযুক্তি-নির্ভর না হওয়া সম্বন্ধে নিচের কোন তথ্যটি সঠিক নয়?

- **A** টিভির পাশাপাশি সামাজিক মাধ্যমের প্রতি তাদের আকর্ষণ বাড়ছে
- **B** অফলাইন পত্রিকার পাশাপাশি অনলাইন পত্রিকাও তারা পড়ছে
- **C** বাজারে যাওয়ার পাশাপাশি অনলাইনেও তারা কেনাকাটা করছে
- **D** রাস্তায় দাঁড়িয়ে রিকশার পাশাপাশি তারা হাত তুলে ট্যাক্সিও ডাকছে

[2]

**32** প্রযুক্তির এই উন্নতির যুগে বর্তমান যুবসমাজের কী করণীয়? ___________ ।

- **A** দক্ষতা ও যোগ্যতা দিয়ে বৈদেশিক মুদ্রা অর্জন করা
- **B** প্রযুক্তির ব্যবহার করে জীবনকে উপভোগ করা
- **C** সামাজিক মাধ্যমের জন্য নিয়মকানুন চালু করা
- **D** বৈদেশিক মুদ্রা দিয়ে আরাম-আয়েশ করা

[2]



https://xtremepape.rs/

## Section C
## বিভাগ : গ

**OE Comprehension**

বোধজ্ঞানের মুক্ত প্রশ্ন

প্রশ্নপত্রের সঙ্গে দেওয়া **2** নম্বর নিবন্ধটি পড়ে **33** থেকে **38** নম্বর প্রশ্নের উত্তর দাও। নিবন্ধ থেকে কোনো সম্পূর্ণ বাক্য অবশ্যই হুবহু নকল করবে না *(প্রত্যেকটি প্রশ্নের সঠিক উত্তরের জন্য **4** নম্বর ও সুন্দর ভাষার জন্য **2** নম্বর)*।

**33** ছোটোবেলা লেখিকা যেখানে থাকতেন সে সম্বন্ধে **চারটি** বিষয় লেখো।

....................................................................................................................................................

....................................................................................................................................................

....................................................................................................................................................

....................................................................................................................................................

....................................................................................................................................................

[6]

**34** এই নিবন্ধে লেখিকার ছোটোবেলার প্রতিদিনের জীবন সম্বন্ধে কী কী তথ্য পাওয়া যায়? **চারটি** বিষয় লেখো।

....................................................................................................................................................

....................................................................................................................................................

....................................................................................................................................................

....................................................................................................................................................

....................................................................................................................................................

[6]

© UCLES 2024


https://xtremepape.rs/

**35** বিদেশে যাওয়ার পর ছোটোবেলার কোন স্মৃতি লেখিকার মনকে নাড়া দিয়েছে? **চারটি** বিষয় লেখো।

.................................................................................................................................................

.................................................................................................................................................

.................................................................................................................................................

.................................................................................................................................................

.................................................................................................................................................
[6]

**36** লেখিকা কীভাবে **সেকালের** সাথে **একালের** জীবনধারার তুলনা করেছেন? **দুটি** করে উদাহরণ দাও।

**সেকালের** জীবনধারা:

.................................................................................................................................................

.................................................................................................................................................

.................................................................................................................................................

**একালের** জীবনধারা:

.................................................................................................................................................

.................................................................................................................................................

.................................................................................................................................................
[6]

**37** বিজ্ঞানের উন্নতির ফলে লেখিকা কী কী পরিণতি লক্ষ্য করেছেন? **চারটি** বিষয় লেখো।

.................................................................................................................................................

.................................................................................................................................................

.................................................................................................................................................

.................................................................................................................................................

.................................................................................................................................................
[6]

© UCLES 2024


https://xtremepape.rs/

**38** শেষ অনুচ্ছেদে লেখিকা কেন আশাবাদী হয়েছেন? **চারটি** বিষয় লেখো।

..................................................................................................................................................

..................................................................................................................................................

..................................................................................................................................................

..................................................................................................................................................

..................................................................................................................................................
[6]

## Vocabulary

শব্দার্থ
এই নিবন্ধ থেকে নেওয়া নিচের প্রতিটি শব্দের কেবল **একটিমাত্র** অর্থ লেখো।

**39** নিত্যদিন

.......................................................................................................................................... [2]

**40** অলিখিত

.......................................................................................................................................... [2]

**41** ক্লান্তি

.......................................................................................................................................... [2]

**42** রূঢ়

.......................................................................................................................................... [2]

**43** সূচনা

.......................................................................................................................................... [2]

© UCLES 2024


https://xtremepape.rs/

**BLANK PAGE**

© UCLES 2024 

https://xtremepape.rs/

**BLANK PAGE**

Permission to reproduce items where third-party owned material protected by copyright is included has been sought and cleared where possible. Every reasonable effort has been made by the publisher (UCLES) to trace copyright holders, but if any items requiring clearance have unwittingly been included, the publisher will be pleased to make amends at the earliest possible opportunity.

To avoid the issue of disclosure of answer-related information to candidates, all copyright acknowledgements are reproduced online in the Cambridge Assessment International Education Copyright Acknowledgements Booklet. This is produced for each series of examinations and is freely available to download at www.cambridgeinternational.org after the live examination series.

Cambridge Assessment International Education is part of Cambridge Assessment. Cambridge Assessment is the brand name of the University of Cambridge Local Examinations Syndicate (UCLES), which is a department of the University of Cambridge.



https://xtremepape.rs/